গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭(অংশ-১)-৯২

২০ আশ্বিন, ১৪২৭
তারিখঃ---------------------
০৫ অক্টোবর, ২০২০

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী এর সভাপতিত্বে ০৯ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৫.১০.২০২০
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা-১/সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৩। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
বিএসসি শাখা

মুজিব শতবর্ষ MUJIB 100

বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | খালিদ মাহ্‌মুদ চৌধুরী. এম.পি<br>মাননীয় প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ০৯-০৯-২০২০ খ্রিঃ। |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত ১৯/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত বিএসসির আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় সভার বিষয়বস্তু উপস্থাপন করেন এবং কার্যপত্র অনুযায়ী বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য নৌপম এর যুগ্মসচিব জনাব শাহনওয়াজ দিলরুবা খানকে অনুরোধ জানান। যুগ্মসচিব (বিএসসি) গত সভার বিষয়ভিত্তিক সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালকসহ সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ সভায় যুক্ত হন।

০২। সভায় বিস্তারিত আলোচনা মোতাবেক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| (১) | চায়না এক্সিম ব্যাংকের ঋণের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয় / সংগ্রহ। | বিএসসির ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, গত ০১-১১-২০১৮ তারিখে 'বাংলার জয়যাত্রা' জাহাজ এবং গত ২৮-১১-২০১৯ তারিখে অবশিষ্ট ৫টি জাহাজ (এম.ভি বাংলার সমৃদ্ধি, এম.ভি বাংলার অর্জন, এম.টি বাংলার অগ্রযাত্রা, এম.টি বাংলার অগ্রদূত এবং এম.টি বাংলার অগ্রগতি) ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়। নতুন সংযোজিত ০৬টি জাহাজ ডেলিভারী পবরর্তী সময় হতে আন্তর্জাতিক শিপিং মার্কেটের সাথে সামঞ্জস্য রেখে বাণিজ্যে নিয়োজিত রয়েছে এবং সকল প্রকার খরচ সীমিত করা হয়েছে। বিএসসির এসব জাহাজের অবস্থান Daily Vessels Movement Position এর মাধ্যমে অবহিত করা হয়। তবে অনলাইনে প্রদর্শনের ব্যবস্থা করা সম্ভব হয়নি। এ বিষয়ে সভাপতি মহোদয় বিএসসির জাহাজসমূহের অবস্থান প্রতি ২৪ ঘন্টা অন্তর অন্তর আপডেট করে মন্ত্রণালয়কে অবহিতকরণ এবং শেয়ারহোল্ডারদের জানার জন্য তা বিএসসির ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সভাপতি মহোদয় বলেন এই সভাটি যেহেতু আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সেহেতু এই সভায় ক্রয়কৃত জাহাজ সমূহের আয় ব্যয়ের হিসাব উপস্থাপন | বিএসসির জাহাজসমূহের অবস্থান প্রতি ২৪ ঘন্টা অন্তর আপডেট করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং শেয়ারহোল্ডারদের অবগতির জন্য জাহাজের হালনাগাদ তথ্যাদি বিএসসি'র ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। পরবর্তী সভা থেকে জাহাজসমূহের আয় ব্যয়ের হিসাব পৃথক পৃথকভাবে উপস্থাপন করতে হবে। | বিএসসি। |

| | | | | |
|---|---|---|---|---|
| (২) | বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মাণ প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, ঢাকাস্থ বিএসসি টাওয়ারের ২২তলায় ২৫-৩০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন একটি কনফারেন্স রুম নির্মাণ করা হয়েছে। যা বিএসসির বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে সভার কাজে ব্যবহৃত হচ্ছে। এছাড়া, বিএসসি পরিচালনা পর্ষদের সভা ও এ কনফারেন্স রুমে আয়োজন করা সম্ভব। উক্ত ভবনের ২৪তলায় একটি বড় আধুনিক ও স্বয়ংসম্পূর্ণ কনফারেন্স রুম নির্মাণের মত জায়গা না থাকায় উক্ত খালি ফ্লোরটি বাণিজ্যিক ভিত্তিতে ভাড়া দেয়া যেতে পারে। এ প্রেক্ষিতে নৌপম এর সচিব মহোদয় বলেন, যেহেতু বিদ্যমান কনফারেন্স রুমটি বিএসসির বর্তমান চাহিদার সম্পূরক সেহেতু এ মুহূর্তে খালি ফ্লোরে নতুন কনফারেন্স রুম নির্মাণ না করে তা বাণিজ্যিক ভিত্তিতে ভাড়া দেয়া যেতে পারে। সভাপতি মহোদয় যথাযথ বিধি-বিধান মেনে ভাড়া দেয়ার এবং যথাসময়ে ভাড়া আদায় করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া বিএসসি টাওয়ার-এ একজন ভাড়াটিয়া কোভিড-১৯ এর কারণ দেখিয়ে ভাড়া দিচ্ছে না বলে ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি জানান। সভাপতি মহোদয় দ্রুত ভাড়া আদায়ের ব্যবস্থা নিতে বলেন। | বিএসসি খালি ফ্লোরটি যথাযথ বিধি-বিধান মেনে বাণিজ্যিকভাবে ভাড়া দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিএসসি। |
| (৩) | বিএসসি'র চট্টগ্রাম ও খুলনাস্থ নিজস্ব জমিতে ভবন নির্মাণ/ উন্নয়নমূলক কার্যসম্পাদন। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, বিএসসির চট্টগ্রামস্থ কৈবল্যধামের জমির বিষয়ে গত ২৪/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৩০৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জায়গাটির মালিকানা ও মামলা সংক্রান্ত কাগজপত্র সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক খুলনাস্থ বয়রায় ৪০ কাঠা জায়গা মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব, নৌপম মহোদয় কর্তৃক সরেজমিনে পরিদর্শনের পর পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া, বিএসসির খুলনাস্থ ১১.৭৩ কাঠার ভাড়া প্রদানকৃত জমিতে নির্মাণ কাজ স্থগিত রাখার বিষয়ে জেলা প্রশাসক, খুলনা ও পুলিশ সুপার, খুলনা এবং ভবন নির্মাণের কোন প্ল্যান পাস না করার জন্য কেডিএ চেয়ারম্যানকে পত্র প্রেরণ করা হয়েছে। ভাড়া গ্রহীতাকে সকল প্রকার নির্মাণ কাজ স্থগিত রাখার নির্দেশনা প্রদান করা হলেও এখন পর্যন্ত নির্মাণ কার্যক্রম স্থগিত রাখা হয়নি। সেপ্রেক্ষিতে, ভাড়া গ্রহীতাকে উচ্ছেদের জন্য খুলনা জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ | খুলনাস্থ ১১.৭৩ কাঠার ভাড়া প্রদানকৃত জমি থেকে ভাড়া গ্রহীতাকে উচ্ছেদের চলমান প্রক্রিয়াকে ত্বরান্বিত করার জন্য বিএসসি থেকে একজন দায়িত্বশীল কর্মকর্তা পাঠাতে হবে যিনি জেলা প্রশাসক, খুলনার সাথে সার্বক্ষনিক যোগাযোগপূর্বক উচ্ছেদ কার্যক্রম ত্বরান্বিত করবেন। | বিএসসি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। ভাড়া গ্রহীতা চুক্তি বাতিলের নোটিশ তুলে নেয়ার জন্য অথবা তাকে ক্ষতিপুরণ প্রদানের জন্য বিএসসি বরাবর একটি দরখাস্ত প্রেরণ করেন। পরবর্তীতে উক্ত দরখাস্তটি নিষ্পত্তি করার জন্য ভাড়া গ্রহীতা বাংলাদেশ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি রীট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ বিএসসিকে একটি নির্দিষ্ট সময়ে উক্ত দরখাস্ত নিষ্পত্তি করার আদেশ দেন। বিএসসির বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী তার উক্ত পত্রের জবাব প্রদানের মাধ্যমে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া, ভাড়া গ্রহীতাকে উচ্ছেদের জন্য সংস্থার নির্বাহী পরিচালক (অর্থ) খুলনা জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎ করেছেন এবং নৌপরিবহন মন্ত্রণালয় হতেও খুলনা জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উচ্ছেদ কার্যক্রম শুরু হয়নি। সচিব, নৌপম মহোদয় বলেন, ভাড়া গ্রহীতাকে উচ্ছেদের জন্য খুলনা জেলা প্রশাসকের সাথে আলোচনা হয়েছে। আলোচনায় তিনি জেলা প্রশাসক, খুলনাকে অবহিত করেন যে, ভাড়া গ্রহীতার সাথে চুক্তিটি আইনগত ভাবেই বাতিল করা হয়েছে এবং হাইকোর্টে কোন মামলা চলমান থাকলেও স্থগিতাদেশ না থাকলে উচ্ছেদে আইনত কোন বাধা নেই। এসত্ত্বেও উচ্ছেদ কার্যক্রম আরম্ভ না হওয়ায় এ বিষয়ে প্রয়োজনে তিনি জেলা প্রশাসকের সাথে পুন:আলোচনা করবেন মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় বলেন, এটি একটি বিএসসির স্বার্থ বিরোধী চুক্তি বিধায় এর দ্রুত সমাধান প্রয়োজন এবং বিএসসির একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে জেলা প্রশাসক, খুলনার সাথে যোগাযোগপূর্বক উচ্ছেদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| (৪) | জি টু জি ভিত্তিতে জাহাজ সংগ্রহের কার্যক্রম। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে জানান যে, জি টু জি ভিত্তিতে নিম্নোক্ত প্রকল্পসমূহ গৃহীত হয়:-<br><br>(১) ২টি নতুন ক্রুড অয়েল মাদার ট্যাংকার ক্রয় (প্রতিটি ১,০০,০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন);<br><br>(২) ২টি নতুন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয় (ডিজেল পরিবহন উপযোগী), (প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন);<br><br>(৩) ২টি নতুন মাদার বাল্ক ক্যারিয়ার ক্রয় (কয়লা পরিবহন উপযোগী), (প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন);<br><br>(৪) ৪টি নতুন সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয়, (প্রতিটি ১,২০০-১,৫০০ টিউজ সম্পন্ন);<br><br>(৫) ১০টি নতুন বাল্ক ক্যারিয়ার ক্রয় (প্রতিটি ১০,০০০-১৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন)।<br>উল্লিখিত প্রথম ৩টি আলাদা প্রকল্পকে একীভূত করে একটি প্রকল্পের আওতায় প্রক্রিয়াকরণের লক্ষ্যে গত ০৮-০৫-২০১৯ তারিখে ইআরডি কর্তৃক Loan Application ঢাকাস্থ China Economic and Commercial Counsellors দপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত ৩টি প্রকল্পের টেকনিক্যাল স্পেসিফিকেশন চূড়ান্ত করার জন্য CMC এর সাথে আলোচনা চলমান রয়েছে। উক্ত প্রকল্পের টেকনিক্যাল স্পেসিফিকেশন চূড়ান্তকরণের কাজ প্রায় শেষ পর্যায়ে। তবে কিছু বিষয়ে CMC এর সাথে মতবিরোধ থাকায় এখনো চূড়ান্ত করা সম্ভব হয়নি। সভাপতি মহোদয় ৪র্থ প্রকল্পটির জন্য ডেনমার্ক সরকার উচ্চ সুদ আরোপ করায় তা বাতিলপূর্বক উক্ত প্রকল্পটির জন্য বিকল্প অর্থায়নের সুযোগ খুঁজে বের করার এবং ৫ম প্রকল্পটির জন্য জিওবি অর্থায়ন সম্ভব নয় এবং পায়রা ও মংলা বন্দরের জন্য আরো অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন জাহাজ প্রয়োজন কিনা তা বিস্তারিতভাবে পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদে বিএসসি'র বহরে প্রয়োজন হতে পারে এমন ধরনের জাহাজের স্পেসিফিকেশন তৈরী করে বিএসসি আগামী তিন মাসের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) প্রথম ৩টি প্রকল্পের টেকনিক্যাল স্পেসিফিকেশন চূড়ান্তকরণে CMC এর সাথে যে মতবিরোধ রয়েছে তা নির্ধারণপূর্বক নিরসনের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) ৪র্থ প্রকল্পটি বাস্তবায়নে বৈদেশিক অর্থায়নের নতুন উৎস খুঁজে বের করতে হবে।<br>(ঘ) ৫ম প্রকল্পটির জন্য জিওবি অর্থায়ন সম্ভব নয় এবং পায়রা ও মংলা বন্দরের জন্য বাণিজ্যিক উপযোগিতা বিবেচনায় আরো অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন জাহাজ প্রয়োজন কিনা তা বিষদভাবে পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | নৌপম ও বিএসসি। |

| | | | | |
|---|---|---|---|---|
| (৫) | বিএসসির জন্য মোট ০৬টি নতুন এলএনজি ক্যারিয়ার ক্রয় শীর্ষক প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, বিএসসি-এর জন্য এলএনজি ট্যাংকার/ক্যারিয়ার ক্রয়ের লক্ষ্যে বিদেশী প্রতিষ্ঠানসমূহের EPC (Engineering, Procurement and Construction) Plus Ship financing ভিত্তিতে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে গত ২৭/০১/২০২০ তারিখে মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহের মধ্যে ৭(২) নং সিদ্ধান্তটি নিম্নরূপঃ<br>"বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সাথে সভা করার পূর্বে বিএসসি'র প্রস্তুতি, সক্ষমতা, প্রস্তাবিত জাহাজসমূহের প্রয়োজনীয়তা নিবিড়ভাবে বিশ্লেষণ ও পর্যালোচনা করতে হবে। পেট্রোবাংলা, আরপিজিসিএল বা অপরাপর বেসরকারী প্রতিষ্ঠানের সাথে অন্যান্য শিপিং সংস্থার কাজের পদ্ধতি/চুক্তি, আন্তর্জাতিক অঙ্গনে এলএনজি ক্যারিয়ারের পরিবহন ব্যবস্থাপনা ও অবস্থা, কান্ট্রি ডিমান্ড ও ভবিষ্যত জ্বালানী পরিবহন ইত্যাদি বিবেচনায় নিয়ে বিএসসি একটি স্বয়ংসম্পূর্ন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে।"<br>উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক জানান এ বিষয়ে একটি খসড়া প্রস্তাব প্রস্তুত করা হয়েছে এবং অধিকতর পর্যালোচনা করা হচ্ছে। আগামী কয়েক মাসের মধ্যে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>সভাপতি বলেন যে, এলএনজি জাহাজের চাহিদা নিরুপনের জন্য এবং বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের আমদানীতব্য এলএনজি পণ্য সমুদ্রপথে পরিবহনের দায়িত্ব বিএসসিকে দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য জ্বালানী মন্ত্রণালয়ের সাথে সচিব পর্যায়ে সভা করা প্রয়োজন। সে প্রেক্ষিতে, তিনি বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সাথে সচিব পর্যায়ে সভা আহবানের নির্দেশনা প্রদান করেন। | (ক) বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সাথে সচিব পর্যায়ে সভা আহবানের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(খ) প্রস্তাবিত জাহাজ সমূহের প্রয়োজনীয়তা নিবিড়ভাবে বিশ্লেষণ ও পর্যালোচনা করে আন্তর্জাতিক অঙ্গনে এলএনজি ক্যারিয়ারের পরিবহন ব্যবস্থাপনা ও অবস্থা, কান্ট্রি ডিমান্ড ও ভবিষ্যত জ্বালানী পরিবহন সম্ভাব্যতা ইত্যাদি বিবেচনায় নিয়ে বিএসসি একটি স্বয়ংসম্পূর্ন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | নৌপম ও বিএসসি। |
| (৬) | বিএসসির কর্মকর্তা/ কর্মচারীদের টিফিন ভাতা প্রদান। | বিএসসির ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, বিএসসিতে ১৯৮১ সাল থেকে সকল কর্মকর্তা কর্মচারীদের লাঞ্চ ভাতা প্রদানের বিষয়টি প্রচলিত আছে। কিন্তু অর্থ মন্ত্রণালয় হতে উক্ত ভাতা বাতিল করায় বিএসসি বেতনস্কেলের (শোর) ক্রমিক নং ০১-১২ পর্যন্ত সকল কর্মকর্তা-কর্মচারীকে লাঞ্চ ভাতা বাবদ জনপ্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে প্রদানের বিষয়ে | এ বিষয়ে বিএসসি বোর্ড মিটিং এ সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। | বিএসসি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অর্থ মন্ত্রণালয়ের সদয় সম্মতি প্রদানের জন্য পুনরায় পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে গত ১৮-০৩-২০২০ তারিখে সবিনয় অনুরোধ করা হয়। যার প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় হতে স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৭.১৪-৬০, তারিখঃ ১৬-০৭-২০২০খ্রিঃ অনুযায়ী উল্লেখ করা হয় যে,"বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)-এর ১-৮ নং গ্রেডের কর্মচারীগণ কর্তৃক নিয়ম বহির্ভূতভাবে গৃহীত টিফিন ভাতার অর্থ তাদের নিকট হতে আদায়যোগ্য"। অথচ প্রতি বছর বিএসসি কর্তৃক প্রণীত বাজেটে উক্ত ভাতা অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন দেয়া হয়। এ প্রসংগে বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জানান যে, বিএসসি সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে লাঞ্চ ভাতা প্রদান করে। কোন টিফিন ভাতা প্রদান করা হয় না। উক্ত লাঞ্চ ভাতা ১৯৮১ সাল হতে প্রদান করা হচ্ছে। এজন্য বাজেট বরাদ্দ থাকে। সময়ে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বৃদ্ধি করা হয়।<br>নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় বলেন, যেহেতু বিএসসিতে উক্ত লাঞ্চ ভাতা ১৯৮১ সাল থেকে প্রচলিত আছে এবং বাংলাদেশ বিমানসহ সরকারী অন্যান্য কর্পোরেশনে এরুপ ভাতা বহাল আছে সেহেতু বিএসসির ক্ষেত্রে লাঞ্চ ভাতা বহাল রাখা যেতে পারে। সভাপতি মহোদয় নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক উক্ত ভাতা বহাল রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যেহেতু বিভিন্ন করর্পোরেশন এই লাঞ্চ ভাতা পাচ্ছে সেহেতু বিএসসি ও পেতে পারে এবং দীর্ঘদিন পেয়ে আসছে। অর্থ মন্ত্রণালয় টিফিন ভাতার বিষয়ে নির্দেশনা দিয়েছে। কিন্তু বিএসসি পাচ্ছে লাঞ্চ ভাতা। লাঞ্চ ভাতা পাওয়া বিষয়ে বিএসসি বোর্ড মিটিং এ আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| (৭) | বিএসসির প্রধান কার্যালয়স্থ ভবনের পার্শ্ববর্তী খালি জায়গায় নিজস্ব অর্থায়নে আধুনিক বাণিজ্যিক ৬তলা ভবন নির্মাণ। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভায় জানান যে, সময় স্বল্পতার কারণে গত ১৫/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত বিএসসি পরিচালনা পর্ষদের ৩০২তম সভার দিন উক্ত জায়গা মাননীয় সভাপতি ও নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং নৌপম এর সচিব মহোদয় কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা সম্ভব হয়নি। তবে পরিচালনা পর্ষদের ৩০২তম সভায় প্রস্তাবিত বাণিজ্যিক ভবন নির্মাণ না করে বিএসসির প্রধান কার্যালয় বর্ধিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু বিএসসির প্রধান কার্যালয়টি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জায়গায় অবস্থিত হওয়ায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে ভাড়া সংক্রান্ত কিছু মতবিরোধ রয়েছে। সভাপতি মহোদয় পরবর্তী মাসিক সমন্বয় সভায় সরাসরি উপস্থিত থেকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে এ মতবিরোধ নিরসনের নির্দেশনা প্রদান করেন। | নৌপরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য পরবর্তী মাসিক সমন্বয় সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও বাংলাদেশ শিপিং কর্পোরেশন মন্ত্রণালয়ে সরাসরি উপস্থিত থেকে বিএসসির প্রধান কার্যালস্থ জায়গা সংক্রান্ত সমস্যা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | নৌপ<br>বিএস |
| (৮) | বিএসসির আয়-ব্যয় সংক্রান্ত হিসাব। | নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় বলেন যে, বিএসসির আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যপত্রে বিএসসির জাহাজসমূহের আয়-ব্যয় সংক্রান্ত কোন হিসাব নেই। সে প্রেক্ষিতে, পরবর্তী সভা হতে বিএসসির সকল জাহাজের আয়-ব্যয়ের হিসাবসহ অন্যান্য সকল খাতের আয়-ব্যয়ের বিস্তারিত তথ্য আলাদাভাবে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর বিধি-বিধান অনুযায়ী এ বিষয়ে বিএসসি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিএস |
| (৯) | আর্থিক বিষয়াদী। | সভাপতি মহোদয় বলেন যে, এ সভাটি আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত। তাই এ সভায় বিএসসি এর বিভিন্ন খাত হতে আয় এবং বিভিন্ন ব্যয়ের হিসাব এ সভায় উপস্থাপন করতে হবে। | এ বিষয়ে বিএসসি ব্যবস্থা নিবে। | বিএস |

০৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানানোর মাধ
সভার কাজ শেষ করা হয়।

খালিদ মাহ্মুদ চৌধুরী. এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর:
১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭(অংশ-১).৮৪

তারিখ: ৮ আশ্বিন ১৪
২৩ সেপ্টেম্বর ২০

বিতরণ (জ্যেষ্ঠতার

-৭৭-

ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা-১/সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

৩) যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) যুগ্মপ্রধান (পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

পরিশিষ্ট-'ক'

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ০৯-০৯-২০২০ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিস/কর্মস্থল | ফোন/মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | | | | |
| ০২. | [illegible] অতিরিক্ত সচিব | নৌ পরিবহন মন্ত্রণালয় | ০১৭১২ ৫০৭৩৫৮ | [signature] |
| ০৩. | অনল চন্দ্র দাস অতি: সচিব | নৌপম | 01753610137 | [signature] |
| ০৪. | শুভ্রত কুমার বর্মন অতিরিক্ত সচিব | নৌপম | 01712837223 | [signature] |
| ০৫. | মো: রফিকুল ইসলাম খান যুগ্মসচিব | নৌপম | 01715295775 | [signature] ৯/৯/২০ |
| ০৬. | [illegible] খান [illegible] যুগ্মসচিব | নৌপম | ০১৭১১-৭৬ ১১২২ | [signature] ৯/৯/২০২০ |
| ০৭. | [illegible] যুগ্মসচিব | নৌপম | 01714161329 | [signature] ৯/৯/২০২০ |
| ০৮. | মোহাম্মদ আবদুল [illegible] মজুমদার, উপসচিব | নৌপম | 01712424450 | [signature] ৯/৯/২০২০ |
| ০৯. | | | | |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | | | | |